দৈনিক বাংলা

তারিখ 01 JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

03

# ভার্সিটি শিক্ষকদের বেতন ভাতা বৃদ্ধির দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ বুধবার এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বেতন ও ভাতা বৃদ্ধির দাবী জানিয়েছেন। ফেডারেশন নেতৃবৃন্দ বলেন, শিক্ষক সমাজের দাবী পূরণের আশ্বাস দেয়া হলেও আজ পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। তারা বলেন, অনতিবিলম্বে দাবী পূরণ না হলে ফেডারেশন আন্দোলন করতে বাধ্য হবে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের মহাসচিব প্রফেসর মোঃ ফসিউল আলম।

লিখিত বক্তব্যে প্রফেসর ফসিউল আলম যে সকল বিশ্ববিদ্যালয়ে ১৯৭৩-এর অধ্যাদেশের ন্যায় অনুরূপ অধ্যাদেশ প্রর্বতন করা হয়নি সে সকল বিশ্ববিদ্যালয়ে এই অধ্যাদেশ প্রবর্তনের দাবী জানান।

লিখিত বক্তব্যে তিনি দেশের যে সকল বিশ্ববিদ্যালয় সন্ত্রাসের জন্য দীর্ঘদিন বন্ধ রয়েছে তা খুলে দেবারও দাবী জানান এবং কঠোরভাবে সন্ত্রাসী কার্যকলাপ নিয়ন্ত্রণ করার জন্য সরকারের প্রতি আহবান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত এ সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফেডারেশনের সভাপতি প্রফেসর মুনসুরুল আলম, ডঃ শাহাদত আলী, প্রফেসর আরেফিন সিদ্দিক, এম মোস্তফা চৌধুরী, খন্দকার মুস্তাফিজুর রহমান, আফসার আহমেদ প্রমুখ।